দৈনিক বাংলা

58

17 NOV 1991

তারিখ ...17.NOV.1991... ...
পৃষ্ঠা... 2 ...কলাম... 6...

ভার্সিটি শিক্ষক সমাবেশ

# সন্ত্রাস দমনের ব্যবস্থা নিন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ৩১ নবেম্বরের মধ্যে শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছে। এর মধ্যে সরকার সন্ত্রাস দমনে ব্যর্থ হলে ফেডারেশন আন্দোলনে নামবে।

গতকাল কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে

(৪-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর) **সন্ত্রাস দমনের ব্যবস্থা নিন**

সন্ত্রাস বিরোধী মহাসমাবেশে ফেডারেশনের নেতৃবৃন্দ এই ঘোষণা দেন। মহা সমাবেশে দেশের ছয়টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ যোগদেন।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি প্রফেসর এনামুল হক সমাবেশে সভাপতিত্ব করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরী, প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর জসীমউজ্জামান, শিক্ষক সমিতি ফেডারেশনের সাধারণ সম্পাদক মাহফুজুর রহমান প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরী বলেন, দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংসের একটি পরিকল্পিত চক্রান্তের অংশ হিসাবেই শিক্ষাঙ্গনে সন্ত্রাস চালানো হচ্ছে। এই সন্ত্রাসের সঙ্গে সত্যিকারের ছাত্র এবং শিক্ষকগণ জড়িত নয় বলে তিনি দাবী করেন।

মহাসমাবেশের আগে শিক্ষকরা প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সমবেত হন। সেখান থেকে শিক্ষকদের একটি মিছিল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা প্রদক্ষিণ করে শহীদমিনারে আসে।